দৈনিক বাংলা

তারিখ ... 10 FEB 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# উত্তেজনা ঃ ইসলামী ভার্সিটি বন্ধ ঘোষণা

নিজস্ব সংবাদদাতা ঃ ঝিনাইদহ, ৯ ফেব্রুয়ারী।– মঙ্গলবার ইসলামী বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এক জরুরী সভায় মিলিত হয়। আগামী ২০ ফেব্রুয়ারী পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করেছেন। সোমবার সন্ধ্যায় ছাত্র ঐক্যের কর্মীরা ভিসি'র বাসভবন ঘেরাও করে। পরে তারা তিন দফা দাবীসহ একটি স্মারকলিপি ভিসিকে দেয় এবং বাসভবন ছেড়ে চলে যায়। ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিবিরের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্র ঐক্যের কর্মীরা ২৪ জন অবাঞ্ছিত ছাত্রকে ভর্তি করার জন্য কর্তৃপক্ষকে চাপ দিচ্ছে। কিন্তু কর্তৃপক্ষ তাদেরকে ভর্তি না করায় উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

এছাড়া শিবির কর্মীরা অভিযোগ করেছে যে আজ জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীরা মাগুরা জেলা জামায়াত অফিস, শিবির অফিস ও আল-আমিন ইন্সটিটিউটে ভাংচুর করে। এই ভাঙচুরের প্রতিবাদে জামায়াত-শিবির কর্মীরা প্রতিবাদ মিছিল সহকারে জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করে। তারা ফেরার পথে পৌর সভার সামনে পৌছলে একদল ছাত্র তাদের উপর হামলা চালায়। এতে ১০ জন আহত হয়। আহদের মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। বুধবার বিকাল ৫টার মধ্যে

(৭-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

**উত্তেজনা** (প্রথম পাতার পর)

হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে।

কুষ্টিয়া থেকে ইউএনবি জানায় ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে রক্তক্ষয়ী ঘটনার জের হিসাবে সম্ভাব্য সংঘর্ষ এড়াতে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ২০ ফেব্রুয়ারী পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে।